

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



আমরা আপনার মতামত জানতে চাই

প্রিয় নিউ ইয়র্কবাসী:

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলোর একটি স্তম্ভ হচ্ছে আপনাদের—আমাদের পরিবারদের—সাথে বিশ্ব-মানের স্কুল তৈরিতে আমাদের প্রকৃত অংশীদারদের সাথে সম্পৃক্ত হওয়া। আমরা যেসব স্কুল অফার করছি সেগুলো আপনাদের ছেলেমেয়েদের শিক্ষায় আপনাদের আশা ও স্বপ্নের প্রতিফলন করছে কিনা তা নিশ্চিত করার শ্রেষ্ঠ উপায়সমূহ সম্পর্কে আপনাদের মতামত শুনতে চাই।

বার্ষিক NYC স্কুল সংক্রান্ত জরিপটি হচ্ছে আপনার জন্য আমাদের কাজ কেমন হচ্ছে এবং আমরা আর কী কী করতে পারি তা আমাদের বলার একটি দুর্দান্ত সুযোগ। আমি দৃঢ়ভাবে প্রত্যেক পিতামাতা, শিক্ষার্থী, এবং কর্মী সদস্যদের জরিপটি পূরণ করতে উৎসাহিত দিচ্ছি।

NYC স্কুল সংক্রান্ত জরিপের মাধ্যমে পাওয়া মতামত স্কুল নেতৃবৃন্দদের তাদের স্কুলের শিক্ষা পরিবেশ সম্পর্কে তাদের কমিউনিটি কী ভাবে এবং স্কুল ও প্রোগ্রামসমূহ উন্নয়ন বিষয়ক তথ্য পেতে সহায়তা করে।

জরিপটি 10-টি ভাষায় অনলাইনে পাওয়া যাচ্ছে, এবং এটি 6-12 গ্রেডের শিক্ষার্থীদের পাশাপাশি সকল পরিবার এবং শিক্ষকদের জন্য 31 মার্চ পর্যন্ত উন্মুক্ত। এছাড়াও পরিবারেরা তাদের স্কুল থেকে একটি কাগজের কপি অনুরোধ করতে পারেন। পরিবারেরা [NYCSchoolSurvey.org](https://nycschoolsurvey.org) গিয়ে জরিপটি পূরণ করতে পারেন। আসন্ন শিক্ষা বছরের জন্য পরিকল্পনাকরণে সহায়তা করতে এই সামারে স্কুল কর্মীদের সাথে এই জরিপের ফলাফল শেয়ার করা হবে। ফলাফলসমূহ বছরের পরবর্তী এক সময় জনসম্মুখে প্রকাশ করা হবে।

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলের অংশ হবার জন্য আপনাকে ধন্যবাদ, এবং অনুগ্রহ করে কয়েক মিনিট সময় নিয়ে আপনার মতামত জানিয়ে দিয়ে আমাদের স্কুলসমূহ ও শিক্ষার্থীদের সফলতার নতুন শিখরে পৌঁছতে সহায়তা করুন।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)

চ্যান্সেলর

কীভাবে জরিপটি পাওয়া যাবে

জরিপটি পূরণ করতে পিতামাতা/অভিভাবকদের শুধু তাদের সন্তানের নয়-রাশির স্টুডেন্ট আইডেন্টিফিকেশন (OSIS) নম্বর প্রয়োজন। তাদের অনন্য জরিপটি পূরণ করতে অনুগ্রহ করে ইংরেজি ছোট অক্ষরে 'f' সহ আপনার সন্তানের নয়-রাশির নম্বরটি জরিপের কোড হিসেবে ব্যবহার করুন। -- উদাহরণস্বরূপ, f123456789। পরিবারেরা তাদের শিক্ষার্থীর ID নম্বরটি রিপোর্ট কার্ড, আপনার স্টুডেন্ট ID কার্ড, অথবা আপনার NYCSA অ্যাকাউন্টে খুঁজে পাবেন। পরিবারদের যদি তাদের সন্তানের স্টুডেন্ট আইডেন্টিফিকেশন নম্বরটি শনাক্ত করতে সহায়তার প্রয়োজন হয়, তবে তাদেরকে তাদের সন্তানের স্কুলের সাথে যোগাযোগ করা উচিত।

পরিবারেরা তাদের NYC স্কুলস অ্যাকাউন্টে (NYCSA) লগ ইন করে জরিপটি পূরণ করতে পারেন, যেখানে তারা তাদের শিক্ষার্থীর গ্রেড, পরীক্ষার স্কোর এবং আরও অনেক কিছু দেখতে পারে।

আমাদের সাপ্তাহিক পর্যালোচনার ভিডিও



এবং এখানে [মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও](#) দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

আপনি যদি PS+You থেকে আর কোনো ইমেইল মেসেজ না পেতে চান, তবে [আনসাবসক্রাইব](#) করুন।